গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.৫৭৫.১৮-৩৬২

তারিখ : ০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

৩৫ তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০২.১০.২০১৭ তারিখের ৮০.১০৯.০৩৬. ০০.০০.০১.২০১৬-১৪১ এবং ২৩.১১.২০১৭ তারিখের ৮০.১০৯.০৩৬. ০০.০০.০১.২০১৬-১৭১ নং স্মারকপত্রের সুপারিশক্রমে পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্যগত প্রতিবেদনের আলোকে এই প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদে বর্ণিত ১০ (দশ) জন প্রার্থীকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা পদে (দ্বিতীয় শ্রেণির নন-ক্যাডার) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে (গ্রেড-১০) নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো এবং তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পদায়ন করা হলো:

(ক) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত পেশাগত ও বিশেষ যে কোন ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন তবে উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকরি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

চলমান পাতা/-২

(চ) ৩৫ তম বি.সি.এস. পরীক্ষার ফলাফল ও নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ এর ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে জমা দিতে হবে;

(ট) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

(ঠ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণ হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

০২। অনুচ্ছেদ-১ উল্লেখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৯ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ মঙ্গলবার পূর্বাহ্ণে পদায়িত বিদ্যালয়ে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(১) **পদের নাম : সহকারী শিক্ষক ( ইংরেজী)**
নিয়োগপ্রাপ্ত : ০৬ (ছয়)জন

| ক্রমিক | নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা ও রেজি: নম্বর | পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|
| ১. | তাসমিয়াহ তানিন বৃষ্টি<br>পিতা- মুহা: নজরুল ইসলাম<br>রেজি নম্বর- ২০৬১৩০<br>গ্রাম/শহর: নিশ্চিন্তবাড়ীয়া, ডাকঘর: খোকসা, উপজেলা: খোকসা, জেলা: কুষ্টিয়া। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>মিরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মিরপুর, কুষ্টিয়া। |
| ২. | মরিয়ম খানম<br>পিতা-আবুবকর শেখ<br>রেজি নম্বর-৪০০০২০<br>গ্রাম/শহর: টেংরাখালি, ডাকঘর: টেংরাখালি, উপজেলা: কচুয়া, জেলা: বাগেরহাট। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>মোড়েলগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট। |
| ৩. | শেখ ফয়জুন্নেসা সুলতানা<br>পিতা- শেখ আব্দুল হান্নান<br>রেজি নম্বর- ০৫৭৭৬৭<br>গ্রাম/শহর: পূর্ব দাপুনিয়া, ডাকঘর: গৌরীপুর<br>উপজেলা: গৌরীপুর, জেলা: ময়মনসিংহ। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা। |

| | | |
|---|---|---|
| ৪. | নাছরিন সুলতানা<br>পিতা- শেখ আব্দুল বারী<br>রেজি নম্বর- ৪০১৬৩৫<br>গ্রাম/শহর: সখিপুর, ডাকঘর: সখিপুর<br>উপজেলা: দেবহাটা, জেলা: সাতক্ষীরা। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>তালা বি.দে. সরকারি উচ্চ বিদ্যালয়, তালা, সাতক্ষীরা। |
| ৫. | মো: জামিলুর রহমান<br>পিতা- মো: আয়েন উদ্দিন<br>রেজি নম্বর- ০৪৫৭০২<br>গ্রাম/শহর: বানেশ্বর, ডাকঘর: বানেশ্বর<br>উপজেলা: পুঠিয়া, জেলা: রাজশাহী। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>ভবানীগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বাগমারা, রাজশাহী। |
| ৬. | মো: শহিদুল ইসলাম<br>পিতা- মো: আমির আলী<br>রেজি নম্বর- ০১১১৪৬<br>গ্রাম/শহর: লালপুর, ডাকঘর: লালপুর<br>উপজেলা: তানোর, জেলা: রাজশাহী। | সহকারী শিক্ষক (ইংরেজী)<br>মোহনপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মোহনপুর, রাজশাহী। |

(২) **পদের নাম : সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)**
নিয়োগপ্রাপ্ত : ০২ (দুই)জন

| | | |
|---|---|---|
| ১ | মো: ফরিদ উদ্দিন<br>পিতার নাম- মো: আবুল হাশেম<br>রেজি নম্বর- ০৫০০৪৪<br>গ্রাম/শহর: ধর্মচাকী, ডাকঘর: গাংনী<br>উপজেলা: গাংনী, জেলা: মেহেরপুর | সহকারী শিক্ষক (ভৌত)<br>মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সদর, মেহেরপুর। |
| ২ | মো: তরিকুল ইসলাম<br>পিতার নাম- মো: আমিনুল ইসলাম<br>রেজি নম্বর- ০৩৯৬৭৩<br>গ্রাম/শহর: দক্ষিণ দোনদরী<br>ডাকঘর: দুহুলী শান্তিনগর<br>উপজেলা: নীলফামারী সদর, জেলা: নীলফামারী। | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)<br>ডোমার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ডোমার, নীলফামারী। |

(৩) **পদের নাম : সহকারী শিক্ষক ( জীব বিজ্ঞান)**
নিয়োগপ্রাপ্ত : ০১ (এক)জন

| | | |
|---|---|---|
| ১. | মো: নজরুল ইসলাম<br>পিতার নাম- মো: আবু সাইদ<br>রেজি নম্বর-৭০২৮২৭<br>গ্রাম/শহর: গোপালপুর খাদুলী<br>ডাকঘর: পিরহাটী, উপজেলা: ধুনট, জেলা: বগুড়া | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান)<br>কাজীপুর এ.এম.ইউ. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কাজীপুর, সিরাজগঞ্জ। |

(৪) **পদের নাম : সহকারী শিক্ষক ( ব্যবসায় শিক্ষা)**

নিয়োগপ্রাপ্ত : ০১ (এক)জন

| | | |
|---|---|---|
| ১. | মোঃ শফিউল আজম<br>পিতার নাম- মোঃ আমজাদ হোসেন<br>রেজি নম্বর- ০৫৩৪৩১<br>গ্রাম/শহর: গাঁড়াডোব, ডাকঘর: গাঁড়াডোব<br>উপজেলা: গাংনী, জেলা: মেহেরপুর | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা)<br>পাটগ্রাম অনাথবন্ধু সরকারি উচ্চ বিদ্যালয়, হরিরামপুর, মানিকগঞ্জ। |

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ২১.০৪.২০১৯

(মো. সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.৫৭৫.১৮-৩৬২

তারিখ : ০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার মূল আবেদনপত্র, পুলিশি তদন্ত রিপোর্ট ও স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট-এর মূল কপি এতদসংগে প্রেরণ করা হ'ল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথি খুলবে এবং এসব মূল কাগজপত্র ও আবেদনপত্রগুলো সংরক্ষণ করবে)।

৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

চলমান পাতা/-৫

১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৩। প্রধান শিক্ষক, .................................................. (পদায়িত শিক্ষকের যোগদানের পর যোগদান সংক্রান্ত প্রতিবেদন আগামী ২৩ মে ২০১৯ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করতে হবে। নিয়োগপ্রাপ্ত বিদ্যালয়ে পদ শূন্য না থাকলে প্রার্থীকে নির্ধারিত তারিখে অবশ্যই বিদ্যালয়ে যোগদান করতে দিয়ে বিষয়টি জরুরিভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে)।

১৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ............................

১৬। জনাব ........................................................................................................

১৭। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২৯.০৪.২০১৯

(ড. মোঃ মোকছেদ আলী)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯৭৪
ds_sec1@moedu.gov.bd